# নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি

NILPHAMARI PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী

E-mail : nilpbs@gmail.com

Website: pbs.nilphamari.gov.bd

Facebook page: acebook.com/nilphamaripbs


স্মারক নং-২৭.১২.৭৩৬৪.৫৫৪.০২.০০৮.২৪.৪৩৭১ তারিখঃ ১৬অগ্রহায়ন, ১৪৩১ বঙ্গাব্দ। ০১ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ।

## একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে।

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)"

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর লাইন টেকনিশিয়ানের শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং পবিস চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির সকল যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান ০৬ জন | (ক) লাইনম্যান গ্রেড-১ পদে নূন্যতম নিয়মিত হিসাবে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং বাস্তব অভিজ্ঞতাসহ মোট চাকুরীকাল নূন্যতম ১০ বৎসর থাকতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ করতে হবে।<br>(ঘ) মোটর সাইকেল চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(ঙ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষন জ্ঞান থাকতে হবে।<br>(চ) সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্র থাকতে হবে।<br>(ছ) জরুরী প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে।<br>(জ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ঝ) লাইনক্রুগনকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(ঞ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।<br>(চ) কম্পিউপর পরিচালনা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে।<br>(ছ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রযোজ্য লাইনম্যান প্রশিক্ষণে উর্ত্তীণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ, (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশ গ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্র সহ আগামী **১২/১২/২০২৪** খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি-এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। **আবেদন পত্রের সহিত নিম্ন বর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত ফটোকপি।

(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণে/বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি।

(গ) বিগত ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।

(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (মুল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে)।

(ছ) সম্প্রতি তোলা ০৩(তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(জ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর একটি সনদ দাখিল করতে হবে যার মধ্যে- (১) পদোন্নতির সুপারিশ, (২) মোট চাকুরীকাল, (৩) বিগত ০৫ বছরের মধ্যে শাস্তির বিবরণ, (৪) বিভাগীয় তদন্ত/ফৌজদারী মামলা/চার্জশীট ইস্যু কিনা, (৫) পদোন্নতি কমিটি কর্তৃক ০৩ বার অযোগ্য ঘোষিত হয়েছে কিনা ইত্যাদি সংক্রান্ত বিবরণ থাকবে।

উল্লেখ্য, সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩(তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১(এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।

(জ) ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরনী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকা তথা নীলফামারী জেলার নীলফামারী সদর, ডোমার, ডিমলা, জলঢাকা ও কিশোরগঞ্জ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী/বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

০৮। পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

০৯। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও অন্যান্য ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

১১। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে/ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭/১২/২০২৪

(প্রকৌশলী মোঃ মফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------------------------------পবিস-১/২/৩/৪।

০৫। ডিজিএম, সদর-কারিগরী /কিশোরগঞ্জ/জলঢাকা/ডোমার জোনাল অফিস, নীলফামারী পবিস।

০৬। এজিএম (ওএন্ডএম), ডিমলা সাব-অফিস, নীলফামারী পবিস।

০৭। এজিএম (প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/এমএস/আইটি১/২), নীলফামারী পবিস।

০৮। এজিএম (আইটি), নীলফামারী পবিস-**(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**

০৯। নোটিশ বোর্ড, নীলফামারী পবিস।

১০। অফিস/মাস্টার কপি।

(প্রকৌশলী মোঃ মফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার